

যুগান্তর

প্রত্যেক জেলায় আইটি পার্ক হচ্ছে সারা দেশে ৫৬০ মডেল মসজিদ

যুগান্তর রিপোর্ট

সৌদি আরব সরকারের আর্থিক সহায়তায় দেশে ৫৬০টি মডেল মসজিদ নির্মাণসহ ১৩ প্রকল্প অনুমোদন দেয়া হয়েছে। মঙ্গলবার এ অনুমোদন দেয় জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ২০ হাজার ৪০২ কোটি ৭৫ লাখ ৭৯ হাজার টাকা। এর মধ্যে সরকারি ও বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব তহবিল থেকে ৯ হাজার ৬৭২ কোটি ৭৫ লাখ ৭৯ হাজার টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে ১০ হাজার ৭৩০ কোটি টাকা ব্যয় করা হবে। রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। বৈঠক শেষে ব্রিফিং করেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সিনিয়র সচিব) ড. শামসুল আলম, পরিকল্পনা সচিব জিয়াউল ইসলাম, পরিকল্পনা কমিশনের সদস্য এএন সামসুদ্দিন আজাদ চৌধুরী ও জুয়েনা আজিজসহ অন্য সদস্যরা এ সময় উপস্থিত ছিলেন।

পরিকল্পনামন্ত্রী জানান, আগামীতে প্রত্যেক জেলায় একটি করে আইটি পার্ক তৈরির নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া এখন থেকে এলএনজি টার্মিনাল জলে না তৈরি করে স্থলে তৈরির নির্দেশও দিয়েছেন তিনি। প্রধানমন্ত্রী টেলিটককে

আগামীতে বিদেশি কোম্পানির সঙ্গে জয়েন্টভেঞ্চারে প্রকল্প বাস্তবায়নের পরামর্শ দিয়েছেন। পরিকল্পনামন্ত্রী আরও জানান, নগর দারিদ্র্য সংক্রান্ত একটি প্রকল্প উপস্থাপন করা হলেও অনুমোদন দেয়া হয়নি। কারণ হিসেবে তিনি বলেন, প্রধানমন্ত্রী চান না বস্তির সংখ্যা বেড়ে যাক। বস্তিতে অস্থায়ী ভিত্তিতে উন্নয়ন করে লাভ নেই। এজন্য তিনি বস্তিবাসীদের জন্য সুউচ্চ ভবন

একনেকে ১৩ প্রকল্প অনুমোদন

নির্মাণ করা যায় কিনা, সেরকম প্রকল্পে দাতাদের সহায়তা কামনা করেছেন।

অনুমোদিত প্রকল্পগুলো হচ্ছে— প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন, এটি বাস্তবায়নে ব্যয় হবে ৯ হাজার ৬২ কোটি ৪১ লাখ টাকা। টেলিটকের থ্রিডি প্রযুক্তি চালুকরণ এবং ২ দশমিক ৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ, ব্যয় হবে ৬৭৫ কোটি টাকা। জেলা পর্যায়ে আইটি পার্ক স্থাপন, ব্যয় হবে ১ হাজার ৭৯৬ কোটি ৪০ লাখ টাকা। পটুয়াখালী গোপালগঞ্জ ৪০০ কেভি সঞ্চালন লাইন এবং গোপালগঞ্জ ৪০০ কেভি গ্রিড উপকেন্দ্র নির্মাণ, ব্যয়

হবে তিন হাজার ২৯৪ কোটি ২৪ লাখ টাকা। মহেশখালী-আনোয়ারা গ্যাস সঞ্চালন সমান্তরাল পাইপলাইন নির্মাণ, ব্যয় হবে ১ হাজার ১০৯ কোটি ২৩ লাখ টাকা।

কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্রাই খাল পর্যন্ত সড়ক নির্মাণ, ব্যয় হবে ১ হাজার ৯৭৮ কোটি ৮৮ লাখ টাকা। গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ, ব্যয় হবে ৭৯৮ কোটি ১৫ লাখ টাকা। থানচি-রিমাকরি-মদক-লিকরি সড়ক নির্মাণ, ব্যয় হবে ৪৬৯ কোটি ৫৩ লাখ টাকা। কক্সবাজার-টেকনাফ-মেরিন ড্রাইভ সড়ক নির্মাণ (তৃতীয় পর্যায়), ব্যয় হবে ৪৫৫ কোটি ৮২ লাখ টাকা। সিলেট শহর বাইপাস-গ্যারিসন লিংক টু শাহ পরাগ সেতুঘাট সড়ক চারলেন মহাসড়কে উন্নীতকরণ, ব্যয় হবে ২৩৫ কোটি ৬৬ লাখ টাকা। খালিশপুর-মহেশপুর-দত্তনগর-জিন্নানগর-বাদবপুর মহাসড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন, ব্যয় হবে ৭৮ কোটি ৪০ লাখ টাকা। সুনামগঞ্জ টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন, ব্যয় হবে ৯৭ কোটি ২২ লাখ টাকা। ঢাকা শহরে তিনটি পাইকারি কাঁচাবাজার নির্মাণ, ব্যয় হবে ৩৫০ কোটি টাকা।

পরিকল্পনামন্ত্রী বলেন, মসজিদ নির্মাণ সংক্রান্ত এতবড় প্রকল্প এর আগে বাংলাদেশে আর হয়নি। প্রধানমন্ত্রী সৌদি আরব সরকারের সময় সৌদি বাদশার কাছে এ প্রস্তাব দিলে তিনি সাদরে গ্রহণ করেন।

<p align="center">ব্যানবেইস পরিচালকের কার্যালয়</p>	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	

২৫/৪
স্বাক্ষর